Cosmo School

রিভিশন শীট

শ্রেণি:ষষ্ঠ                বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়: কত কাল ধরে(চারুপাঠ)

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১. আলো আঁধারের খেলায় কী ঢাকা পড়েছে?
২. কত বছর আগে এদেশে রাজারা এলেন?
৩. হাজার বছর আগে পুরুষেরা ধুতির সাথে কী পরত?
৪. হাজার বছর আগে জুতো ব্যবহার করত কারা?
৫. হাজার বছর আগে মখমলের কাপড় পরত কারা?
৬. প্রাচীনকালে বড়লোকের মেয়েরা কীসের অলংকার ব্যবহার করত?
৭. সেকালে পুরুষদের অত্যন্ত প্রিয় খেলা কী ছিল?
৮. ঘোড়া ও হাতির খেলা দেখত কারা?
৯. হাতির পিঠে ও ঘোড়ার গাড়িতে চড়ত কারা?
১০. হাতির দাঁতের পালকি কারা ব্যবহার করতেন?

**অনুধাবনমূলক প্রশ্ন:**

১. শ্রেণিবৈষম্য কেন সৃষ্টি হয়েছে?
২. প্রাচীনকালে মানুষের দাম বেশি ছিল কেন?
৩. যাতায়াত ব্যবস্থার মধ্যেও কীভাবে ধনী-গরিব পরিলক্ষিত হয়?

**বহুনির্বাচনি প্রশ্ন:**

১. কোন মাংস প্রাচীন বাঙালিদের সবাই খেত?
ক) গরুর মাংস  খ) ছাগ মাংস  গ) মহিষের মাংস  ঘ) হরিণের মাংস
২. প্রাচীনকালে বাঙালির প্রিয় মাছ ছিল-
ক) রুই  খ) কাতল  গ) ইলিশ  ঘ) পাবদা

৩. দক্ষিণাঞ্চলে কোন মাছের চল ছিল?
ক) তাজা মাছ  খ) শুঁটকি মাছ  গ) টাকি মাছ  ঘ) চিংড়ি মাছ

৪. সাজসজ্জার দিকে ঝোঁক ছিল কাদের?
ক) রাজার খ) মন্ত্রীর গ) প্রজাদের ঘ) প্রাচীন বাঙালিদের

৫. প্রাচীন সমাজে মূলত কয়টি শ্রেণি দেখা যায়?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

৬. নিরানন্দের সন্ধি বিচ্ছেদ কী?
ক) নির+আনন্দ খ) নিরা+আনন্দ গ) নিঃ+আনন্দ ঘ) নিরা+নন্দ

৭. বিয়ে বাড়ি বা কোন উৎসবে কীসের মাংস খাওয়া হতো?
ক) গুরুর খ) ছাগের গ) হরিণের ঘ) মুরগির মাংস

৮. প্রাচীন মানুষের সমাজ-জীবন প্রসঙ্গে প্রাবন্ধিক কাদের প্রসঙ্গ এনেছেন?
ক) একজন ব্রাক্ষ্মণের খ) দুজন সংস্কৃত কবির গ) দুজন ঋষির ঘ) একজন সাহিত্যিকের

৯. 'সামন্ত' শব্দের অর্থ কী?
ক) কুমির খ) ছোটরাজা গ) হাতি ঘ) ঘোড়া

১০. 'শীর্ণ' শব্দের অর্থ কী?
ক) দেহ খ) শরীর গ) রোগা ঘ) মাথা

## সৃজনশীল প্রশ্ন:

রাজলক্ষ্মী জমিদার বাড়ির মেয়ে ছিল। সে নানারকম অলংকার পরত। অনেক দাসীর পরিবৃত্ত থাকত সে। সারাদিন সখীদের নিয়ে হৈ হৈ রৈ রৈ করে তার দিন কাটত। রূপচর্চার দিকে ছিল তার খুব আকর্ষণ। সারাদিন নিজের সৌন্দর্য কীভাবে বৃদ্ধি করা যায় এই চিন্তা করত আর নানারকম প্রসাধনী ব্যবহার করত। যেসব ছেলে সোনার অলংকার পরে আর কোঁকড়া চুল কপালের ওপর বেঁধে রাখে সেই সব ছেলেই ছিল তার পছন্দের। রাজলক্ষ্মীর বিয়ে হয় এক জমিদারের সাথে। তাই কখনো দারিদ্র্য কী জিনিস সে বুঝতে পারেনি। তার কাছে জীবন মানেই সৌন্দর্য বৃদ্ধি আর বিলাসিতার মাঝে গা ভাসিয়ে দেওয়া।

ক. প্রাচীনকালে কোন কাপড়ের চল ছিল?
খ. বাংলাদেশের ইতিহাসের সবটা ভালো করে জানা যায় না কেন?
গ. প্রাচীনকালের মেয়েদের সাজ-পোশাক ও জীবনযাত্রার সাথে উদ্দীপকের রাজলক্ষ্মীর সাজ-পোশাক ও জীবনযাত্রার সাদৃশ্য
আলোচনা কর।
ঘ. "উদ্দীপকের রাজলক্ষ্মী 'কতকাল ধরে' রচনার ধনী মেয়েদের প্রতিনিধিত্ব করে" -তুমি কি একমত? যুক্তি দাও।

# অধ্যায়:আসমানি (চারুপাঠ)

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১। আসমানিদের বাড়ির ধারের পুকুরের নাম কী?

২। গার শব্দের অর্থ কী**?**

৩। আসমানির কণ্ঠে কী নেই**?**

৪। আসমানি কবিতায় অনেক দরদ দিয়ে কবি কী এঁকেছেন**?**

৫। আসমানি' কবিতাটি কে লিখেছেন**?**

৬। জসীমউদ্দীন কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন**?**

৭। কবি জসীমউদ্দীন কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন**?**

৮। জসীমউদ্দীনের কবিতায় কীসের ছবি ফুটে উঠেছে**?**

৯। কবি জসীমউদ্দীন দীর্ঘদিন কোথায় কাজ করেন**?**

১০। আসমানি' কবিতায় কাকে দেখতে যাওয়ার কথা বলা হয়েছে**?**

১১। আসমানি' কবিতায় রহিমদ্দির বাড়ি কেমন ছিল**?**

১২। ছোট্ট বাড়িটি কী দিয়ে ছাওয়া ছিল**?**

**অনুধাবনমূলক প্রশ্ন:**

১। আসমানির জীবন নিরানন্দে পরিপূর্ণ কেন**?**

**২।** মিষ্টি তাহার মুখটি হতে হাসির প্রদীপ-রাশি, থাপড়েতে নিবিয়ে গেছে দারুণ অভাব আসি।- এই চরণ দুটি দ্বারা কী বুঝানো হয়েছে?

৩। পরণে তার শতেক ছেঁড়া বাস- চরণটি বুঝিয়ে লেখ।

**বহুনির্বাচনি প্রশ্নোত্তর:**

১. বুকের ক'খানা হাড় কীসের সাক্ষী দেয়?
   ক) অনাহারের  খ) অসুস্থতার  গ) কান্নার  ঘ) উপহাসের

২. আসমানির মুখে হাসি নেই কেন?
   ক) ছেঁড়া জামার কারণে  খ) দারিদ্র্যের কারণে  গ) ঘর নড়বড়ে বলে  ঘ) অসুস্থ বলে

৩. 'কবর' কবিতাটি প্রবেশিকা শ্রেণির বাংলা সংকলনে স্থান পাওয়ার সময় জসীমউদ্‌দীন কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?

৪.
   ক) ঢাকা বিশ্ববিদ্যালয়  খ) কলকাতা বিশ্ববিদ্যালয়
   গ) যাদবপুর বিশ্ববিদ্যালয়  ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়

৫. জসীমউদ্‌দীনের কাব্যগ্রন্থ কোনটি?
ক) পুনশ্চ খ) চক্রবাক গ) ডালিম কুমার ঘ) নক্সী কাঁথার মাঠ

৬. 'রাখালী' জসীমউদ্‌দীনের কোন শ্রেণির রচনা?
ক) কাব্যগ্রন্থ খ) উপন্যাস গ) নাটক ঘ) কাহিনিকাব্য

৭. আসমানির জীবনে আনন্দ না থাকার মূল কারণ হিসেবে নিচের কোনটিকে চিহ্নিত করা যায়?
ক) আসমানির মা নেই খ) আসমানির বাবা নেই গ) আসমানি প্রতিবন্ধী ঘ) আসমানি দরিদ্র

## সৃজনশীল প্রশ্ন:

আদর্শপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী রুবিনা। গুঁড়ি গুঁড়ি বৃষ্টির মধ্যে তাদের বহনকারী গাড়িটি গিয়ে থামল শাহবাগ মোড়ের সিগন্যালে। হঠাৎ রুবিনার চোখ পড়ল এক ফুল বিক্রেতার দিকে। তার চেয়েও কম বয়সী একটি মেয়ে পরনে ময়লা প্যান্ট, উসকো-খুসকো চুল আর হাতে একগুচ্ছ গোলাপ। থেমে থেমে চলা গাড়িগুলোর মধ্য দিয়ে রোগাক্রান্ত চেহারায় মেয়েটি ছুটছে এ গাড়ি থেকে ও গাড়ি। জীবন বাজি রেখে ছুটে চলা মেয়েটিকে ভাবতে ভাবতে রুবিনার মনে পড়ল কবি জসীমউদ্‌দীনের লেখা "আসমানি" কবিতার আসমানিকে।

ক) আসমানিদের গ্রামের নাম কী?

খ) 'মিষ্টি তাহার মুখটি হতে হাসির প্রদীপ-রাশি, থাপড়েতে নিবিয়ে গেছে দারুণ অভাব আসি'- এই চরণ দুটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকে 'আসমানি' কবিতার কোন দিকটির আভাস দেওয়া হয়েছে? বর্ণনা কর।

ঘ) 'উদ্দীপকের ফুল বিক্রেতা মেয়েটি 'আসমানি' কবিতার বিষয়বস্তুর আংশিক প্রতিফলন মাত্র'- 'আসমানি' কবিতার আলোকে বিশ্লেষণ কর।

## অধ্যায়:কাঠের পা (আনন্দপাঠ)

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১। কাঠের পা গল্পটি কার লেখা?

২। নয় নম্বর সেক্টরের ক্যাপ্টেনের নাম কী?

৩। পাকিস্তানি মিলিটারিরা কোথায় ক্যাম্প বসিয়েছিল?

৪। কোথায় মাইন পাতা ছিল?

৫। রেকি বলতে কী বোঝায়?

৬। নয়ন বাড়ির সামনে কী খেলে?

৮। নয়নের বাবার নকল পা কীসের তৈরি?

৯। নয়ন খাঁচায় কী পাখি পোষে?

১০। নয়নের বয়স কত?

১১। নয়নের বাবা সারাদিন বাসায় বসে কী করে?

১২। বাসায় কে রান্নাবান্না করে?

১৩। নয়নের বন্ধুর নাম কী?

১৪। নয়নের ইচ্ছে বড় হয়ে কী পড়বে?

১৫ । আমাদের দেশে মুক্তিযুদ্ধ হয় কত সালে?

**<u>অনুধাবনমূলক প্রশ্ন:</u>**

১.'কাঠের পা' গল্পের নয়নের বাবাকে কাঠের পা বানিয়ে দেওয়া হয়েছিল কেন?

২. নয়নের বাবা খাল পেরিয়ে ওপার গিয়েছিলেন কেন?

৩. বাবাকে হঠাৎ করেই নয়নের অচেনা মনে হয় কেন?

**বহুনির্বাচনি প্রশ্নোত্তর:**

১. কার নেতৃত্বে নয় নম্বর সেক্টরে বিশাল মুক্তিবাহিনীর দল গড়ে ওঠে?
   ক) ক্যাপ্টেন সিতারা বেগমের
   খ) ক্যাপ্টেন শাজাহানের
   গ) ক্যাপ্টেন হালিমের
   ঘ) ক্যাপ্টেন জামিলের

০২. নয়নের বাবা মুক্তিযোদ্ধা জীবনে ইতিহাস হওয়ার কারণ—
   ক) দুটো পা হারানোর জন্য
   খ) দুটো নকল পা হওয়ার জন্য
   গ) কাঠের পা হওয়ার জন্য
   গ) যুদ্ধ শেষ হওয়ার জন্য

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

ক্রাচে ভর দিয়ে ধীরে ধীরে মুক্তিযোদ্ধা আরমান আলী এসে দাঁড়ায় ছেলের চায়ের দোকানে । ছেলে দুটো বিস্কুট আর এক কাপ চা দেয়। আরমান আলী চা খায় আর ভাবে এমন জীবন থাকার চেয়ে না থাকাই ভালো যাকে এক কাপ চায়ের জন্য নির্ভর করতে হয় ছেলের আয়ের ওপর।

৫. নয় নম্বর সেক্টরের ক্যাপ্টেনের নাম কী?
   ক) শাহ আলম খ) শাজাহান
   গ) শাহনেওয়াজ ঘ) শাহ আমানত

৬. ক্যাপ্টেন শাজাহান কখন পাকিস্তানি মিলিটারিদের আক্রমণ করবেন বলে মনস্থির করলেন?
   ক) বিকেলে খ) সকালে গ) সন্ধ্যায় ঘ) রাতে

৭. নয়নদের বাড়ির পাশে কাদের বাড়ি?

ক) নিয়ামতদের　　খ) মন্দুদের

গ) মেরিনাদের　　ঘ) জরিনাদের

৮. কয় মাস ধরে মুক্তিযুদ্ধ হয়েছিল?

ক) পাঁচ মাস　　খ) ছয় মাস

গ) সাত মাস　　ঘ) নয় মাস

৯. লেখকের বড় হয়ে কোন বিষয় নিয়ে পড়ার ইচ্ছা?

ক) ভূগোল　　খ) ইতিহাস

গ) রাষ্ট্রবিজ্ঞান　　ঘ) বাংলা

## সৃজনশীল প্রশ্ন:

জামান জন্মের পর থেকে দেখছে তার বাবা করিম সাহেব হুইল চেয়ারে বসেই ঘরময় চলাফেরা করেন। বাথরুমে যেতে বাবার খুব কষ্ট হয় । মা আমাকে বলেছিল মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান হানাদার বাহিনীর গুলির আঘাতে বাবা পঙ্গুত্ব বরণ করেন । বাবা ৮ নম্বর সেক্টরে প্রত্যক্ষ যুদ্ধে অংশ নেন । জামান বাবাকে প্রশ্ন করে তোমার এই অবস্থার জন্য তোমার মনে কী কোনো প্রতিক্রিয়া হয় ? উত্তরে বাবা বলেন, আমার মতো এ রকম হাজার পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করেই তো দাঁড়িয়ে আছে আমাদের এই স্বাধীন বাংলাদেশ ।

ক) রাজাকারেরা কাদের সাহায্য করত?

খ) ‘আমাকে নিয়ে মানুষজনের সামনে তোর খুব লজ্জা হয়, না রে ?’ নয়নের বাবা কেন এ প্রশ্ন করেছে ?

গ) কাঠের পা গল্পের নয়নের বাবা সাথে উদ্দীপকের জামানের বাবার সাদৃশ্য নিরূপণ কর ।

ঘ) ‘আমার মতো এরকম হাজার পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করেই তো দাঁড়িয়ে আছে আমাদের এই স্বাধীন বাংলাদেশ ।’ -জামানের বাবার এ মন্তব্যটির তাৎপর্য কাঠের পা গল্পের আলোকে বিশ্লেষণ কর।

**সাহানা পারভীন সুমি**